ডকুমেন্টেশন কেন্দ্র
দৈনিক বাংলা
139
তারিখ 25 JUL 1988
পৃষ্ঠা 5 কলাম 7

# উত্তরা: সরকারী স্কুল ও কলেজ চাই

সম্প্রতি শিক্ষা সচিব ঢাকা মহানগরীতে গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলের অনুরূপ ছয়টি সরকারী হাইস্কুল স্থাপন করা হবে বলে সরকারী সিদ্ধান্তের কথা ঘোষণা করেছেন। আমরা সরকারের এই সিদ্ধান্তকে স্বাগত জানাই। উত্তরা মডেল টাউন ক্রমশ ঢাকা শহরের একটি গুরুত্বপূর্ণ আবাসিক এলাকা হিসাবে গড়ে উঠেছে। এই এলাকায় বসবাসকারীদের মধ্যে রয়েছেন শিল্পপতি, ব্যবসায়ী, চাকরিজীবী, ডাক্তার, প্রকৌশলী, শিক্ষাবিদ সাংবাদিকসহ বিভিন্ন পেশার লোক। যারা বাড়ি ভাড়া করে থাকেন, তাদের একটা বিরাট অংশ এখন উত্তরায় বসবাস করছেন। কিন্তু দুঃখের বিষয়, জনসংখ্যানুপাতে এই এলাকায় শিক্ষা সুবিধা নেই বললেই চলে। উত্তরায় সরকারী উদ্যোগে স্কুল-কলেজ স্থাপন করা হবে—এমন কোন সিদ্ধান্তের কথা আমাদের জানা নেই। অথচ এধরনের শিক্ষা প্রতিষ্ঠানের অভাবে এলাকাবাসীরা দারুণ সমস্যায় নিপতিত। অভিভাবকরা তাদের ছেলেমেয়েদের লেখাপড়া নিয়ে সবসময় দুশ্চিন্তাগ্রস্ত থাকেন। কারণ, এলাকায় স্কুল ও কলেজের অভাবে ছেলেমেয়েদের মূল শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পাঠাতে হয়। এটা এক দিকে যেমনি ব্যয়বহুল তেমনি রাস্তাঘাটের এবং যানবাহন চলাচলের যা অবস্থা তাতে ঝুঁকিপূর্ণও বটে। এই প্রেক্ষিতে উত্তরাসহ রাজধানীর সকল অঞ্চলে সুসমভাবে সরকারী শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলা দরকার বলে মনে করি। আর তাই উত্তরা মডেল টাউনে সরকার ঘোষিত ছয়টি স্কুলের একটি স্থাপনের জন্য আমরা সরকারের নিকট জোর আবেদন জানাচ্ছি। এই সঙ্গে এ আবাসিক এলাকায় বসবাসরত বিপুল সংখ্যক অধিবাসীর ছেলেমেয়েদের উচ্চতর শিক্ষার প্রয়োজনের কথা মনে রেখে এবং এলাকার গুরুত্ব বিবেচনা করে এখানে একটি সরকারী কলেজ স্থাপনেরও প্রয়োজনীয় ব্যবস্থা সরকার করবেন বলে আশা করি।

আজহারুল ইসলাম
উত্তরা মডেল টাউন
ঢাকা।